



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৪৮৮/মাধ্য-পরী/৯৯/৬৮৩

তারিখ : ১২/১০/২০১৫

বিষয় : জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার কেন্দ্র বাতিল প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৩.২৩.০০৭.১৩-৪৮৪ তারিখ: ০৪/১০/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীণ সলিমাবাদ তেবাড়িয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয় (কেন্দ্র কোড- ৫১৯) ২০১৫ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা ভুল তথ্য দিয়ে কেন্দ্র স্থাপন করার বিষয়টি প্রমাণিত হয়েছে বিধায় কেন্দ্রটি বাতিল করা হলো।

২। উল্লেখ্য যে, (ক) বেকড়া বিশ্বেশ্বর মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় (খ) সলিমাবাদ ইউনিয়ন বালিকা উচ্চ বিদ্যালয় (গ) সলিমাবাদ আনোয়ার খান মডেল উচ্চ বিদ্যালয় উক্ত (০৩) তিনটি প্রতিষ্ঠান পরিদর্শন করে উপযুক্ত যে কোন একটি প্রতিষ্ঠানে জেএসসি পরীক্ষা ২০১৫ কেন্দ্র স্থাপনের প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে,

ড. শ্রীকান্ত কুমার চন্দ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

উপজেলা নির্বাহী কর্মকর্তা

নাগরপুর, টাঙ্গাইল।

পত্র নং : ৪৮৮/মাধ্য-পরী/৯৯/৬৮৩

তারিখ : ১২/১০/২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। প্রধান শিক্ষক, সলিমাবাদ তেবাড়িয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়, নাগরপুর, টাঙ্গাইল (কেন্দ্র কোড-৫১৯)।
- ৬। অফিস কপি।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৫.১৪. ৫০০

তারিখ : ১৯ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন সলিমাবাদ তেবাড়িয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়-এর বিধি বহির্ভূতভাবে অনুমোদিত জে.এস.সি পরীক্ষা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত বাতিলকরনের অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্র : ৩৭.০০.০০০০.০৮৩.২৩.০০৭.১৩-৪৮৪, তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন সলিমাবাদ তেবাড়িয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়-এর বিধি বহির্ভূতভাবে অনুমোদিত জে.এস.সি পরীক্ষা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত বাতিলকরনের অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদনের আলোকে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

- (১) সলিমাবাদ তেবাড়িয়া উচ্চ বিদ্যালয় এর জে.এস.সি পরীক্ষা কেন্দ্র হিসেবে ঘোষণার সুপারিশসহ জেলা প্রশাসন থেকে প্রেরিত পত্রের সঙ্গে ঘুনিপাড়া আব্দুর রশিদ স্কুল ও কলেজ-ভূয়া অনাপত্তিপত্র সংযুক্ত থাকার বিষয়টি প্রমানিত হয়েছে এবং প্রাথমিকভাবে এর সঙ্গে পূর্বোক্ত স্কুলের প্রধান শিক্ষক জনাব মোঃ মহিদুল ইসলাম সেলিম-এর সংশ্লিষ্টতার প্রমান পাওয়া গিয়েছে। এ কারণে উক্ত প্রধান শিক্ষকের এমপিও বাতিল করা সহ কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (২) ভুল তথ্য দিয়ে কেন্দ্র করার জন্য কেন্দ্র বাতিল করে নিকটস্থ অন্য কোন বিদ্যালয়ে কেন্দ্র স্থাপন করার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (৩) ঘুনিপাড়া আব্দুর রশিদ স্কুল এন্ড কলেজ-এর অধ্যক্ষের 'প্রবল আপত্তির কারণে' তাঁর প্রতিষ্ঠানটিকে একই ইউনিয়নের ২.৫ কিলোমিটারের দূরবর্তী কেন্দ্রের পরিবর্তে ১০ কিলোমিটারের দূরবর্তী উপজেলা সদরের পুরোনো কেন্দ্রের অন্তর্ভুক্ত রাখা হয়েছে এতে শিক্ষার্থী অভিভাবকদের সম্মতি আছে কিনা তা জানা যাচ্ছে না। তা-ই-অভিভাবকদের সঙ্গে আলোচনা করে তাদের মতামতের ভিত্তিতে এই প্রতিষ্ঠানটি পুরোনো কেন্দ্রে না-কি নতুন কেন্দ্রের অন্তর্ভুক্ত হবে তা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা দ্রুত স্থির করবে।
- (৪) ঘুনিপাড়া আব্দুর রশিদ স্কুল এন্ড কলেজ-এর যথাযথ সম্মতি ছাড়াই প্রতিষ্ঠানটিকে নতুন কেন্দ্রের অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা গাফিলতির প্রমান দিয়েছে। যদিও পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠানটিকে নতুন পরীক্ষা কেন্দ্রের আওতা থেকে বাদ দেয়া হয়। ভবিষ্যতে পরীক্ষা কেন্দ্র নির্বাচনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাকে আরও সতর্ক হতে হবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(অসীম কুমার কর্মকার)

সহকারী সচিব

ফোন : ৯৫৫০৩৪১

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৫.১৪. ৫০০

তারিখ : ১৯ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি :

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সহকারী সচিব (শাখা-এমপিও), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, ঘুনিপাড়া আব্দুর রশিদ স্কুল এন্ড কলেজ, নাগরপুর, টাঙ্গাইল।

(অসীম কুমার কর্মকার)

সহকারী সচিব